

Times Today BD

ডেস্ক রিপোর্ট | ক্যাম্পাস | 21 April, 2025

প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্র জাহিদুল ইসলাম পারভেজ হত্যাকাণ্ডের ঘটনায় উত্তপ্ত হয়ে উঠেছে বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়। হত্যার বিচারের দাবিতে বিক্ষোভ করছেন শিক্ষার্থীরা। মিছিল ও মানববন্ধন করছেন ছাত্রদলের নেতাকর্মীরাও।

সোমবার (২১ এপ্রিল) দুপুরে রাজু ভাস্কর্যের সামনে পারভেজের হত্যাকারী সবাইকে দ্রুত গ্রেফতার করে দৃষ্টান্তমূলক বিচারের দাবিতে মানববন্ধন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) শাখা ছাত্রদল।

ঢাবি ছাত্রদলের সভাপতি গণেশ চন্দ্র রায় সাহসের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক নাহিদুজ্জামান শিপনের সঞ্চালনায় এ মানববন্ধনে অংশ নেন বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের নেতাকর্মীরা। পারভেজ হত্যাকাণ্ডে জড়িত কয়েকজন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে নেতা চিহ্নিত হওয়ার পরেও তাদের রক্ষায় প্ল্যাটফর্মটি কাজ করছে বলে অভিযোগ করেন তারা। দোষীদের শাস্তি নিশ্চিত করা না হলে ছাত্রদল রাজপথে কঠোর আন্দোলনে নামবে বলে হুঁশিয়ারি দেয়া হয়।

এছাড়া দুপুরে রাজধানীর বনানীতে বিক্ষোভ করেন প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্রদলের নেতাকর্মীরা। এতে যোগ দেন বিএনপি নেতা ইশরাক হোসেন। এর আগে সরকারি তিতুমীর কলেজ প্রাঙ্গণেও মানববন্ধন করে ছাত্রদল। এসব বিক্ষোভ কর্মসূচি থেকে পারভেজ হত্যায় জড়িতদের ২৪ ঘণ্টার মধ্যে গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন তারা।

রাজধানী ছাড়াও ভোলা ও যশোর জেলায় জাহিদ হত্যার বিচারের দাবিতে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করেছেন জেলা ছাত্রদলের নেতাকর্মীরা।

গত শনিবার (১৯ এপ্রিল) বিকেলে বনানীতে প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগ ও টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের মধ্যে সংঘাত হয়। এ সময় ইংরেজি বিভাগের শিক্ষার্থীদের ছুরিকাঘাতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্র জাহিদুল ইসলাম পারভেজ নিহত হন। পারভেজ ছাত্রদলের কর্মী বলে দাবি করেছেন ছাত্রদলের সভাপতি রাকিবুল ইসলাম। জাহিদ হত্যায় জড়িতদের প্রথমিক বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এ ঘটনায় আট সদস্যদের কমিটি গঠন করা হয়েছে।

এদিকে জাহিদ হত্যার ঘটনায় সিসিটিভি ফুটেজে পর্যবেক্ষণ করে জড়িতদের শনাক্ত করে রোববার (২০ এপ্রিল) রাতে মহাখালীর ওয়ারলেছ গেইট এলাকায়সহ আশেপাশের এলাকায় অভিযান চালিয়ে ৩ জনকে গ্রেফতার করেছে পুলিশ। দুপুরে তাদের আদালতে পাঠানো হয়।

প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয় পারভেজ হত্যাকাণ্ড বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:20

URL: <https://www.timestodaybd.com/campus/7758071180>